

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির আহ্বায়ক ড কামাল আবদুল নাসের চৌধুরী আজ সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদের কাছে 'জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন প্রতিবেদন ২০১৯-২২' হস্তান্তর করেন।

প্রতিবেদনটি গ্রহণ করে রাষ্ট্রপতি বলেন, জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন বাংলাদেশের ইতিহাসে একটি অন্যান্য মাইলফলক। তিনি বলেন এর মাধ্যমে দেশে বিদেশে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম এবং বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে বঙ্গবন্ধুর অবদান বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জানার সুবর্ণ সুযোগ সৃষ্টি হয়েছে। তিনি এই উদযাপন সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের সন্ধিক্ষণ একটি অনন্য ঐতিহাসিক ঘটনা। তিনি আশা প্রকাশ করেন যে, এ উদযাপনের মাধ্যমে নতুন প্রজন্ম বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেমে অনুপ্রাণিত হয়ে দেশ গঠনে নিজেদের আত্মনিয়োগ করবে।

এসময় রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান উপস্থিত ছিলেন।